

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১২২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر – الفصل الثالث

আরবী

عَنْ أَبِي بِن كَعْبٍ فِي قَوْلِ اللَّهِ عَزَّ وَجَلَّ (وَإِذْ أَخَذَ رَبُّكَ مِنْ بَنِي آدَمَ مِنْ ظُهُورِهِمْ ذُرِّيَّتَهُمْ وَأَشْهَدَهُمْ عَلَى أَنْفُسِهِمْ)

الْآيَةُ قَالَ جَمَعَهُمْ فَجَعَلَهُمْ أَرْوَاحًا ثُمَّ صَوَّرَهُمْ فَاسْتَنْطَقَهُمْ فَتَكَلَّمُوا ثُمَّ أَخَذَ عَلَيْهِمُ الْعَهْدَ وَالْمِيثَاقَ وَأَشْهَدَهُمْ عَلَى أَنْفُسِهِمْ أَلَسْتُ بِرَبِّكُمْ قَالَ فَإِنِّي أَشْهَدُ عَلَيْكُمْ السَّمَوَاتِ السَّبْعَ وَالْأَرْضِينَ السَّبْعَ وَأَشْهَدُ عَلَيْكُمْ آبَاكُمْ آدَمَ عَلَيْهِ السَّلَامُ أَنْ تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ لَمْ نَعْلَمْ بِهَذَا اْعْلَمُوا أَنَّهُ لَا إِلَهَ غَيْرِي وَلَا رَبَّ غَيْرِي فَلَا تُشْرِكُوا بِي شَيْئًا وَإِنِّي سَأُرْسِلُ إِلَيْكُمْ رُسُلِي يُذَكِّرُونَكُمْ عَهْدِي وَمِيثَاقِي وَأُنْزِلُ عَلَيْكُمْ كُتُبِي قَالُوا شَهِدْنَا بِأَنَّكَ رَبُّنَا وَإِلَهُنَا لَا رَبَّ لَنَا غَيْرُكَ فَأَقْرَأُوا بِذَلِكَ وَرَفَعَ عَلَيْهِمْ آدَمُ يَنْظُرُ إِلَيْهِمْ فَرَأَى الْغَنِيَّ وَالْفَقِيرَ وَحَسَنَ الصُّورَةِ وَدُونَ ذَلِكَ فَقَالَ رَبِّ لَوْلَا سَوَّيْتَ بَيْنَ عِبَادِكَ قَالَ إِنِّي أَحْبَبْتُ أَنْ أَشْكُرَ وَرَأَى الْأَنْبِيَاءَ فِيهِمْ مِثْلَ السَّرْجِ عَلَيْهِمُ النُّورُ خُصُّوا بِمِيثَاقٍ آخَرَ فِي الرِّسَالَةِ وَالنُّبُوءَةِ وَهُوَ قَوْلُهُ تَعَالَى (وَإِذْ أَخَذْنَا مِنَ النَّبِيِّينَ مِيثَاقَهُمْ)

إِلَى قَوْلِهِ (عِيسَى ابْنُ مَرْيَمَ)

كَانَ فِي تِلْكَ الْأَرْوَاحِ فَأَرْسَلَهُ إِلَى مَرْيَمَ فَحَدَّثَ عَنْ أَبِيٍّ أَنَّهُ دَخَلَ مِنْ فِيهَا. رَوَاهُ أَحْمَدُ

বাংলা

১২২-[৪৪] উবাই ইবনু কা'ব (রাঃ) হতে মহামহিম আল্লাহর বাণী বর্ণিত। তিনি এ আয়াতের "তোমাদের রব যখন বানী আদমের মেরুদণ্ড থেকে তাদের সন্তানদের বের করলেন"- (সূরাহ আ'রাফ ৭: ১৭২-১৭৩) এর তাফসীরে বলেন, আল্লাহ তা'আলা আদম সন্তানদের একত্রিত করলেন। তাদেরকে বিভিন্ন রকম করে গড়ার মনস্থ করলেন, এরপর তাদের আকার-আকৃতি দান করলেন। তারপর কথা বলার শক্তি দিলেন। এবার তারা কথা বলতে

লাগলো। অতঃপর তাদের কাছ থেকে ওয়া'দা-অঙ্গীকার গ্রহণ করলেন এবং তাদের নিজের সাক্ষ্য গ্রহণ করলেন, 'আমি কি তোমাদের রব নই'? আদম সন্তানগণ বলল, হ্যাঁ, (নিশ্চয়ই আপনি আমাদের রব)।

তারপর আল্লাহ তা'আলা বললেন, আমি তোমাদের এ কথার উপর সাত আসমান ও সাত জমিনকে তোমাদের সম্মুখে সাক্ষী করছি এবং তোমাদের পিতা আদমকেও সাক্ষী বানাচ্ছি। তোমরা যেন কিয়ামতের (কিয়ামতের) দিন এ কথা বলার সুযোগ না পাও যে, আমরা তো এ ব্যাপারে কিছুই জানি না। তাই এখন তোমরা ভালো করে জেনে নাও, আমি ছাড়া তোমাদের কোন মা'বুদ নেই এবং আমি ছাড়া তোমাদের কোন প্রতিপালকও নেই। সুতরাং (সাবধান) আমার সাথে কাউকে শরীক করো না। আমি শীঘ্রই তোমাদের কাছে আমার রসূলগণকে প্রেরণ করবো, যারা তোমাদেরকে আমার ওয়া'দা-অঙ্গীকার স্মরণ করিয়ে দিবেন। অতঃপর তোমাদের ওপর আমি আমার কিতাবসমূহ নাযিল করবো।

তখন এ কথা শুনে আদম সন্তান বলল, আমরা এ কথার সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয়ই তুমি আমাদের রব ও আমাদের ইলাহ। তুমি ছাড়া আমাদের কোন রব নেই এবং তুমি ছাড়া আমাদের কোন ইলাহ নেই। বস্তুত আদম সন্তানদের সকলে এ কথা স্বীকার করে নিল। আদম (আঃ)-কে তাদের ওপর উঠিয়ে ধরা হলো। তিনি সকলকে প্রত্যক্ষ করলেন। তিনি দেখলেন, তাঁর সন্তানদের মধ্যে ধনী-দরিদ্রও আছে, সুন্দর-অসুন্দরও আছে। (এটা দেখে) তিনি বললেন, হে রব! তুমি তোমার বান্দাদের সকলকে যদি এক সমান করে বানাতে? আল্লাহ তা'আলা বললেন, আমি চাই আমার বান্দারা আমার প্রতি কৃতজ্ঞতার মধ্যে থাকুক।

এরপর আদম (আঃ) নবীদেরকে দেখলেন, তারা সকলেই যেন চেরাগের ন্যায়- তাদের ওপর আলো ঝলমল করছিল। তাদের কাছ থেকে বিশেষ করে নুবুওয়্যাতের ও রিসালাতের দায়িত্ব পালনের বিশেষ শপথও নেয়া হয়েছে। আল্লাহ তা'আলা বলছেন (অনুবাদঃ) "আমি নবীদের নিকট হতে যখন তাদের ওয়া'দা অঙ্গীকার গ্রহণ করলাম এবং আপনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, নূহ (আঃ), ইবরাহীম (আঃ), মূসা (আঃ), 'ঈসা (আঃ) ইবনু মারইয়াম (আঃ) হতেও (অঙ্গীকার ও ওয়া'দা) নেয়া হয়েছে"- (সূরাহ্ আল আহযাব ৩৩: ৭)। তিনি [উবাই (রাঃ)] বলেন, এ রূহদের মধ্যে 'ঈসা ইবনু মারইয়াম (আঃ) এর রূহ (আত্মা)-ও ছিল। অতঃপর আল্লাহ তা'আলা এ রূহকেই মারইয়াম (আঃ) এর প্রতি প্রেরণ করেছেন। উবাই বলেছেন, এ রূহ মারইয়াম (আঃ)-এর মুখ দিয়ে (তাঁর পেটে) প্রবেশ করেছে।[1] (আহমাদ)

English

Chapter: Belief in the Divine Decree - Section 3

On God's words, "When your Lord took from the children of Adam from their backs their offspring," * Ubayy b. Ka'b said:
He gathered them and put them in pairs. Thereafter He fashioned them and endowed them with speech, and they spoke. He then made an agreement and covenant with them, calling them to witness regarding themselves, [saying] "Am I not your Lord?" They replied, "Yes." He said, "I call the seven heavens and the seven earths to witness regarding you, and I call your

father Adam to witness regarding you, lest you should say on the day of resurrection, ‘We did not know of this.’ Know that there is no god other than me and no lord other than me, and do not associate anything with me. I shall send to you my messengers to call to your remembrance my agreement and my covenant, and I shall send down my books to you. They replied, “We testify that Thou art our Lord and our God; we have no other lord and no other god but Thee.” So they confirmed that. Adam was raised above them and looked at them, and seeing the rich and the poor, the beautiful and those not so beautiful, he asked, “My Lord, why didst Thou not make Thy servants equal?” He replied, “I wanted to be thanked.” He also saw among them the prophets like lamps with light in them. They had another -special covenant concerning their mission and prophetic office, viz. His words, “And when we took from the prophets their covenant... Jesus son-of Mary.” ** He was among those spirits and He sent him to Mary. Ubayy is quoted as saying that he entered by her mouth.

Ahmad transmitted it.

* ibid.

** Quran, 33:7.

ফুটনোট

[1] হাসান : যাওয়ায়িদুল মুসনাদ ৫/১৩৫। ইমাম আহমাদ হাদীসটি রিওয়ায়াত করেননি বরং তার ছেলে ‘আবদুল্লাহ (রাঃ) “যাওয়া-য়িদুল মুসনাদ” নামক গ্রন্থে ৫/১৩৫ নং এ বর্ণনা করেছেন। তার সানাদটি হাসান মাওফূফ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54681>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন